

**Outcome of the Bengali Honours Course  
Sitalkuchi College  
Department of Bengali**

**Programme specific Outcome :**

**PSO1 :** এই কোর্সটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা এমন ভাবে তৈরি করেছে যেটা বাংলা সাহিত্যের ইতিহাসে দশম থেকে বিংশ শতাব্দী পর্যন্ত বিকাশের ধারাবাহিকতা তুলে ধরতে সহায়তা করবে। বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীরা বাংলা সাহিত্যের ইতিহাস জানতে পারবে। সমাজ-সাহিত্য-ভাষা, মানবিকী বিদ্যাচর্চা, ইতিহাস ও পরিবেশ-প্রকৃতি, অর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবেশ পর্যালোচনা ও পরিবর্তনে সাহিত্যের ভূমিকা জানতে পারবে। শুধু তাই নয়, বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের যোগাযোগের দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জটিল কোনো সমস্যা বিষয়ে যুক্তি ও বিশ্লেষণের মধ্য দিয়ে সমস্যা সমাধানের বিষয়ে যথেষ্ট জ্ঞান লাভ করে, যা জীবনব্যাপী নৈতিক শিক্ষাদানের অঙ্গ হিসাবে কাজ করে।

বাংলা সাহিত্য পড়াতে ও শিখনে চর্যাপদ থেকে শুরু করে মধ্যযুগীয় সাহিত্য হয়ে আধুনিক যুগের বাংলা সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশে বিশেষভাবে লক্ষ্য নির্দেশ করা হয়েছে।

**PSO2 :** এই বাংলা অনার্স কোর্সটি সাহিত্যের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ আকর্ষণীয় ও কর্মমুখী পেশা নির্বাচনের ক্ষেত্রে বেশ কিছু দিকনির্দেশ করে। পাশাপাশি শিক্ষার্থীদের উচ্চশিক্ষা লাভ করার ক্ষেত্রে যেমন- বাংলা বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রি লাভ, গবেষণা কর্ম করার পাশাপাশি তুলনামূলক সাহিত্য পাঠ, সাংবাদিকতা, ভাষাতত্ত্ব বিভিন্ন অভিকরণ শিল্প বেশ কয়েকটি বিষয়ে উচ্চশিক্ষা লাভের সুযোগ করে দেয়।

**PSO3:** এই কোর্সটি শেষে শিক্ষার্থী বিভিন্ন কর্ম সংযোগের সুযোগ লাভ করে। যেমন- শিক্ষকতা, সাংবাদিকতা, অভিনয়, পশ্চিমবঙ্গ সরকার ও ভারত সরকারের বিভিন্ন বিভাগে প্রতিযোগিতামূলক পরীক্ষার মধ্য দিয়ে নিজেকে কাজের সঙ্গে যুক্ত করার সুযোগ লাভ করে।

**PSO4:** এই কোর্সটি শেষে শিক্ষার্থী ভিন্ন মতাবলম্বী মানুষের আলোচনা-সমালোচনা শোনার পর সেইসব মানুষের চিন্তা-ভাবনাগুলি সঠিক কি না, তা নিজস্ব চিন্তাধারার মধ্যদিয়ে বিচার-বিশ্লেষণ করে সমাজকে সঠিক পথে চলার সিদ্ধান্ত জানাতে পারবে। এমনকি ভিন্ন মতাবলম্বী মানুষের মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করতে পারবে।

**PSO5:** বাংলা অনার্স কোর্সটির পাঠ শেষ করে শিক্ষার্থী মানুষের সঙ্গে খুব সহজে ও সাবলীল ভাবে যোগাযোগ স্থাপন করে মানুষকে আপন করে নিতে পারবে। কেননা, এই কোর্স করার সঙ্গে সঙ্গে শিক্ষার্থী স্পষ্ট ভাবে কথা বলতে, পড়তে, লিখতে পারবে। এমনকি, সামাজিক সমস্যাগুলিকে উন্নত বিজ্ঞান-প্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগের মাধ্যমগুলিতে দ্রুত প্রচার করে সেই সমস্যা সমাধানের পথ দেখাতে পারবে।

**PSO6:** বাংলা অনার্স কোর্সটি করে একজন শিক্ষার্থী একজন দ্বায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে পারবে। সামাজিক উন্নয়ন, উন্নত শিক্ষা, স্বাস্থ্য ও সুস্থ সংস্কৃতির মধ্যদিয়ে সমাজ পরিবর্তনের ভূমিকা পালন করতে পারবে।

**PSO7:** মানুষের সুস্থভাবে বেঁচে থাকার জন্য যে সুস্থ-স্বভাবিক পরিবেশ ও জলবায়ুর প্রয়োজন, সামাজিক মেলবন্ধন দরকার তার উন্নয়ন করতে পারবে।

**PSO8 :** দেশ ও জাতির কাজে স্বধীনভাবে জড়িত থেকে ক্ষমতা অর্জন করে স্বচ্ছভাবে পরিচালনা করে আর্থ-সামাজিক, রাজনৈতিক পরিবর্তন সাধনে অংশগ্রহণ করতে পারবে। বাংলা সাহিত্যের মূল বিষয়গুলি সঠিক ভাবে উপলব্ধি করার পর উদার মানসিকতা গঠন করে সামাজিক বিপ্লবের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক সংস্কৃতি, ভাষা, সাহিত্য ও ঐতিহ্যকে ধরে রাখার ধারণা প্রদান করতে পারবে।